

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নম্বর ৫৪-আইন/২০২৫।—পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২ (২০১২ সনের ৩৫ নং আইন) এর ধারা ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাওয়ার অব অ্যাটর্নি বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (৩) এর পর নিম্নরূপ নূতন দফা (৩ক) ও (৩খ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(৩ক) 'জন্মসনদ' অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ২ এর দফা (চ) এ সংজ্ঞায়িত জন্মসনদ;

(৩খ) 'জাতীয় পরিচয়পত্র' অর্থ জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত জাতীয় পরিচয়পত্র;”;

(খ) দফা (৬) এর পর নিম্নরূপ নূতন দফা (৬ক) সন্নিবেশিত হইবে, যথা:—

“(৬ক) 'পাসপোর্ট' অর্থ Passport Act, 1920 (Act No. XXXIV of 1920) এর section 2 এ সংজ্ঞায়িত passport;”;

(৯৫১)

মূল্য : টাকা ৪.০০

(২) বিধি ১০ এর—

- (ক) উপ-বিধি (৪) এ উল্লিখিত “পাওয়ারদাতার পাসপোর্টের বিবরণসহ” শব্দগুলির পরিবর্তে “পাওয়ারদাতার পাসপোর্টের বা 'No Visa Required' স্টিকার-সংবলিত বাংলাদেশি বংশোদ্ভূত ব্যক্তির বিদেশি পাসপোর্ট বা জাতীয় পরিচয়পত্রের বা জন্মসনদের বিবরণসহ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপ-বিধি (৪) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৪ক) সন্নিবেশিত হইবে, যথা:—
- “(৪ক) পাওয়ারদাতা, পাওয়ার অব অ্যাটর্নি প্রমাণিকরণের ৬ (ছয়) মাসের মধ্যে উক্তরূপ প্রমাণিকৃত পাওয়ার অব অ্যাটর্নি ও উহার প্রতিলিপি বাংলাদেশে প্রেরণ করিবেন।”;
- (৩) তফসিল ক এর ফরম-৩ এর দফা ৪ এ উল্লিখিত “পাওয়ারদাতা/দাতাগণের পাসপোর্টের বিবরণ” শব্দগুলির পরিবর্তে “পাওয়ারদাতা/পাওয়ারদাতাগণের পাসপোর্টের বা 'No Visa Required' স্টিকার-সংবলিত বাংলাদেশি বংশোদ্ভূত ব্যক্তির বিদেশি পাসপোর্টের বা জাতীয় পরিচয়পত্রের বা জন্মসনদের বিবরণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, সাইফুল ইসলাম

যুগ্মসচিব (প্রশাসন-১) ও সচিব (দায়িত্বপ্রাপ্ত)।